

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১, ২০১১

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১ ডিসেম্বর ২০১১/১৭ অগ্রহায়ণ ১৪১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১ ডিসেম্বর, ২০১১/১৭ অগ্রহায়ণ, ১৪১৮ তারিখে
রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা
যাইতেছে :—

২০১১ সনের ১৮ নং আইন

The Lepers Act, 1898 (Act No.III of 1898) রহিতকরণকল্পে প্রণীত আইন

যেহেতু, The Lepers Act, 1898 (Act No.III of 1898) রহিত করা সমীচীন ও
প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন The Lepers (Repeal) Act, 2011
নামে অভিহিত হইবে।

(২) এই আইন অবিলম্বে কার্যকর হইবে।

(১৫০৭১)

মূল্য : টাকা ২.০০

২। **Act III of 1898** এর রহিতকরণ ও হেফাজত।—(১) The Lepers Act, 1898 (Act No.III of 1898), অতঃপর রহিত Act বলিয়া উল্লিখিত এতদ্বারা রহিত করা হইল।

(২) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, পূর্বে The Lepers Act, 1898 এর অধীন বা তদ্ধীন প্রণীত কোন বিধির অধীন কোন আইনগত কার্যধারা এবং বিচারাধীন কোন মামলা থাকিলে তাহা অকার্যকর ও বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) রহিত Act এর উদ্দেশ্য পূরণকল্পে প্রতিষ্ঠিত Leper Asylum গুলি কুষ্ঠ হাসপাতাল হইবে এবং যে কোন কুষ্ঠ রোগী ঐ হাসপাতালে ভর্তি হইয়া সুচিকিৎসা লাভের অধিকারী হইবেন।

প্রশংসন চক্ৰবৰ্তী
অতিরিক্ত সচিব (আইপিএ)।